

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী,
ঢাকা-১২১২।



নম্বর ৩৫.০৩.০০০০.০০৩.৯৯.০০১.১৯.২৯৯

তারিখ: ৭ আষাঢ়. ১৪২৮

২১ জুন ২০২১

সড়কে সকল ধরনের মোটরযান চলাচলে নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সকল ধরনের মোটরযান চলাচলে বিধি-নিষেধ আরোপ।

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় মন্ত্রিপরিষদ বিভাগের ২১ জুন ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৮৭ নং পত্রের মাধ্যমে ২২ জুন ২০২১ তারিখ সকাল ৬.০০ টা হতে ৩০ জুন ২০২১ তারিখ মধ্যরাত পর্যন্ত মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, গাজীপুর, মাদারীপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ জেলাসমূহের সার্বিক কার্যাবলী/চলাচল (জনসাধারণের চলাচলসহ) বন্ধ ঘোষণা করা হয়েছে। এমতাবস্থায় উক্ত জেলাসমূহে সকল ধরনের মোটরযান চলাচল বন্ধের নির্দেশ প্রদান করা হলো।

২। তবে, আইনশৃঙ্খলা এবং জরুরি পরিসেবা, যেমন-কৃষি উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহন, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, বিদ্যুৎ, পানি, গ্যাস/জালানি, ফায়ার সার্ভিস, বন্দরমূহের (নদীবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাৱশ্যকীয় পণ্য ও সেবার সাথে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এবং পণ্যবাহী ট্রাক/লরি এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে।

৩। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২১ জুন ২০২১ তারিখের ৩৫.০০.০০০০ .০০৮.১৮.০০৪.১৫-৬৩২ সংখ্যক পত্রের নির্দেশনা মোতাবেক এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

২১-৬-২০২১

শীতাংশু শেখর বিশ্বাস
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
ফোন: ০২-৫৫০৪০৭১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ফনিব্ল রোড, ফুলবাড়িয়া, ঢাকা।
- ২) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রো পলিটন পুলিশ, রমনা, ঢাকা।
- ৩) অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪, শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা-১২৩০।